



আইসিবি ক্যাপিটাল ম্যানেজমেন্ট লিমিটেড

প্রধান কার্যালয়, ঢাকা।
অ্যাডমিনিস্ট্রেশন ডিপার্টমেন্ট

তারিখ : ০৪ ফাল্গুন ১৪৩২
১৭ ফেব্রুয়ারি ২০২৬

বিজ্ঞপ্তি

উদ্ভাবনী উদ্যোগ/ধারণা আহবান

আদিষ্ট হয়ে সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, আইসিবি ক্যাপিটাল ম্যানেজমেন্ট লিমিটেড (আইসিএমএল) এর ইনোভেশন টিমের ২০২৫-২৬ অর্থবছরের বার্ষিক কর্মপরিকল্পনা অনুযায়ী কোম্পানীর সেবাসমূহ অধিকতর সেবামুখী, জনবান্ধব, সহজ ও কার্যকরী সেবায় রূপান্তরের লক্ষ্যে বাস্তবায়নযোগ্য উদ্ভাবনী উদ্যোগ/ধারণা সংগ্রহ করার কার্যক্রম গ্রহণ করা হয়েছে।

০২। আইসিএমএল এর সকল কর্মচারীগণের নিকট হতে (প্রধান কার্যালয় ও শাখা কার্যালয়সমূহ) বিদ্যমান সেবা প্রক্রিয়া সহজীকরণ অর্থাৎ নাগরিক সেবা গ্রহণে সময়, খরচ ও ভিজিট (TCV) কমিয়ে আনার লক্ষ্যে উদ্ভাবনী উদ্যোগ/ধারণা আহবান করা যাচ্ছে।

০৩। আগ্রহী কর্মচারীগণকে আগামী ২২ ফেব্রুয়ারি ২০২৬ তারিখের মধ্যে নিম্নোক্ত ফরমেট অনুযায়ী idea@icml.com.bd ইমেইলে উদ্ভাবনী উদ্যোগ/ধারণা প্রদান করার জন্য বিনীত অনুরোধ জানানো হলো। উল্লেখ্য, মনোনীত উদ্ভাবনী উদ্যোগ/ধারণার জন্য স্বীকৃতি বা প্রণোদনা প্রদান করা হবে।

উদ্ভাবনী উদ্যোগ/ধারণার শিরোনাম	
সমস্যার সংক্ষিপ্ত বর্ণনা	
সমাধানের সংক্ষিপ্ত বর্ণনা	
নাম, আইডি নং ও পদবী	
কর্মস্থল/ঠিকানা	
মোবাইল/ফোন নং	
ইমেইল	

০২। কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ বিজ্ঞপ্তি জারি করা হলো।

(মোঃ ইয়াছিন আলী)
উপ-প্রধান নির্বাহী কর্মকর্তা

বিতরণ: (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

- ০১। প্রধান নির্বাহী কর্মকর্তার সচিবালয়, প্রধান কার্যালয়, ঢাকা;
- ০২। সকল অতিরিক্ত প্রধান নির্বাহী কর্মকর্তা, প্রধান কার্যালয়, ঢাকা;
- ০৩। সকল উপ-প্রধান নির্বাহী কর্মকর্তা, প্রধান কার্যালয়, ঢাকা;
- ০৪। শাখা প্রধান, আইসিএমএল শাখাসমূহ;
- ০৫। অফিস কপি।

অনুলিপি (কোম্পানির ওয়েবসাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য):

সিস্টেম এনালিস্ট, কম্পিউটার ডিপার্টমেন্ট, আইসিএমএল, প্রধান কার্যালয়, ঢাকা।